কোটচাঁদপুরে ট্রেনের ধাক্কায় স্কুলছাত্র নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্রেনের ধাক্কায় ফাহাদ হাসান (১৩) নামের এক স্কুল শিক্ষার্থী নিহত হয়েছে। নিহত শিক্ষার্থী কোটচাঁদপুর উপজেলার রাঙ্গিয়ারপোতা গ্রামের আব্দুস সামাদের ছেলে ও স্থানীয় এলাঙ্গী মফেজ উদ্দীন মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণির শিক্ষার্থী।

বুধবার সকাল সাড়ে ৮টার দিকে বাড়ির পাশের রেলক্রসিং পার হতে গেলে খুলনা থেকে ছেড়ে আসা চিলাহাটিগামী কপোতাক্ষ এক্সপ্রেস ট্রেনটি তাকে ধাক্কা দেয়। ট্রেনের ধাক্কায় মোটরসাইকেল ছিন্নভিন্ন ও ফাহাদের শরীর ক্ষতবিক্ষত হয়ে ঘটনাস্থলেই নিহত হয়।

এলাঙ্গী মফেজ উদ্দীন মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (আইসিটি) রবিউল ইসলাম জানান, ফাহাদ হাসান সকালে বাড়ি থেকে মোটরসাইকেল নিয়ে বাড়ির পাশে রেলক্রসিং পার হয়ে মাঠের দিকে যাচ্ছিল। সে মোটরসাইকেল নিয়ে রেললাইনের উপর গেলে দ্রুতগামি ট্রেনটি তাকে ধাক্কা দেয়।

কোটচাঁদপুর থানার ওসি সৈয়দ আল মামুন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, স্কুল শিক্ষার্থী ফাহাদ সকালে একটি ডিসকভারি-১০০ মোটরসাইকেল নিয়ে রেললাইনের উপর গেলে এ দুর্ঘটনা ঘটে।

মরদেহ গ্রামবাসি তার বাড়িতে নিয়ে গেছে। এখন রেলওয়ে যশোর থানার পুলিশ মরদেহ সুরতহালের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে যোগ করেন ওসি।

ঝিনাইদহে চিত্রা নদীর উপর

নবনির্মিত সেতুর উদ্বোধন

দীর্ঘ প্রতীক্ষার পর ঝিনাইদহ কালীগঞ্জের প্রাণ কেন্দ্র চিত্রা নদীর উপর নব-নির্মিত দৃষ্টিনন্দন সেতুর উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার বেলা সাড়ে ১২টার সময় হাজার হাজার মানুষের উপস্থিতিতে প্রধান অতিথি ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য ও কালীগঞ্জ উপজেলা আওয়ামীলীগের সভাপতি আনোয়ারুল আজীম আনার ফিতা কেটে সেতুটি উদ্বোধন করেন ।

এ উপলক্ষে সকাল সাড়ে ৯টায় কালীগঞ্জ পৌর পরিষদ ও পৌর ব্যবসায়ী সমিতির আয়োজনে সেতুর সম্মূখে সড়কে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, ৬২ মিটার দৈর্ঘ্য সেতুটি নির্মাণে ব্যায় হয়েছে ১৮ কোটি টাকা। নির্মিত সেতুটির মাঝপথ দিয়ে পরিবহন ও তার দু’পাশ দিয়ে পথচারী এবং রিকসা ভ্যান চলাচলের ব্যবস্থা রয়েছে। কনসিক এন্ড বিল্ড লিমিটেড নামে নির্মাণকারী প্রতিষ্ঠানের মাধ্যমে গত ২০২২ সালের ২০ জুলাই মাসে কার্যক্রম শুরু হয়েছিল।

উদ্বোধন অনুষ্টানে প্রধান অতিথি এমপি আনোয়ারুল আজীম আনার তার বক্তব্যে বলেন, আওয়ামীলীগ সরকার উন্নয়নের সরকার, আওয়ামীলীগ যখনই ক্ষমতায় আসে তখনই দেশের উন্নয়ন হয়। জাতীর জনকের কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে দেশে অভুতপূর্ব উন্নয়ন হয়েছে। এরই ধারাবাহিকতায় আজ বড় বাজারের চিত্রা নদির উপর দৃষ্টিনন্দন নান্দনীক এই সেতুর যাত্রা শুরু হলো। সেতুকে ঘিরে আশপাশের এলাকার মানুষ অর্থনৈতিক সম্ভাবনার নতুন স্বপ্ন দেখতে শুরু করেছেন।

ঝিনাইদহ সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী আনোয়ার পারভেজের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, সড়ক বিভাগের খুলনা জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী সৈয়দ আসলাম আলী, কালীগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান এসএম জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু ও কালীগঞ্জ পৌর সভার মেয়র আশরাফুল আলম আশরাফ। পৌর ব্যবসায়ী সমিতির সাংগঠনিক সম্পাদক জহুরুল হক বিপ্লবের সঞ্চালনায় অনুষ্টানে আরো বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মহিলা ভাইস চেয়ারম্যান শাহনাজ পারভিন, মটর মালিক সমিতির সভাপতি ফরিদ উদ্দিন, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন সোহেল, কালীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি সাংবাদিক জামির

হোসেন, কালীগঞ্জ পৌর ব্যবসায়ী সমিতির সভাপতি আসাদুজ্জামান, সাধারণ সম্পাদক ইমদাদুল ইসলাম ইনতা, উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান ডাঃ রাশেদ শমসের, পূজা উদযাপন কমিটির সাংগঠনিক সম্পাদক বিপ্লব বিষ্ণু ও হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের সাধারন সম্পাদক উজ্জ্বল অধিকারী ছাড়াও পৌর পরিষদ, সড়ক বিভাগের কর্মকতা ও স্থানীয় গণমাধ্যমকর্মিগন উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে গৃহবধূ মঞ্জুরী’র মৃত্যুর সঠিক কারণ জানতে মানববন্ধন

ঝিনাইদহে গৃহবধূ মঞ্জুরী অধিকারী’র মৃত্যুর সঠিক কারণ উদঘাটনের জন্য তদন্তের দাবিতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

বুধবার সকালে শহরের পোষ্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে মৃত গৃহবধুর স্বজন ও এলাকাবাসী। এতে ব্যানার ফেস্টুন নিয়ে মঞ্জুরীর পরিবারের সদস্যসহ প্রতিবেশীরা অংশ নেয়।

সেসময় বক্তব্য রাখেন, মঞ্জুরীর স্বজন শ্বাশতী অধিকারী, সাদ্দাম, সুনিল, আজিজুল রহমান, সাথী, বিথী, রোকেয়াসহ অন্যান্যরা।

সেসময় বক্তারা অভিযোগ করে বলেন, মঞ্জুরী অধিকারীকে তার স্বামী ইমন দাস নেশাজাতীয় দ্রব্য খাইয়ে গলা টিপে হত্যা করে আত্মহত্যা বলে চালানোর চেষ্টা করছে। তাই মৃত্যুর সঠিক কারণ বের করে দোষীদের আইনের আওতায় আনার দাবী জানান তারা।

গত ১৮ ফেব্রুয়ারি ঝিনাইদহ শহরের কাঞ্চনপুর মধ্যপাড়ার একটি ভাড়া বাসা থেকে মুঞ্জরী রানীর মৃতদেহ উদ্ধার করে পুলিশ।

ঝিনাইদহে অস্ত্র মামলায় সাবেক উপজেলা চেয়ারম্যানের ১৭ বছর জেল

ঝিনাইদহে অস্ত্র আইনে জামায়াতের সাবেক উপজেলা আমির ও সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান তাজুল ইসলামকে ১৭ বছর কারাদন্ড প্রদান করেছে আদালত।

মঙ্গলবার দুপুরে ঝিনাইদহের সিনিয়র স্পেশাল ট্রাইবুনালের জজ আদালতের বিচারক মো. নাজিমুদ্দৌলা এ রায় দেন। তাজুল ইসলাম কোটচাঁদপুর উপজেলা শহরের পশ্চিমপাড়ার মৃতশামসুদ্দিন মন্ডলের ছেলে।

মামলার বিবরণে জানা যায়, ২০১৭ সালের ২৬ নভেম্বর সন্ধ্যায় তার নিজ বাড়ি জেলার কোটচাঁদপুর উপজেলা শহরের নিজ বাড়িতে নাশকতার উদ্দেশ্যে গোপন বৈঠক করছিলেন। সেসময় পুলিশ সেখানে অভিযান চালিয়ে জামায়াতের আমির তাজুল ইসলামকে আটক করলেও অন্য সঙ্গীরা পালিয়ে যায়।

আটকের পর রাতে তার সীকারোক্তি মোতাবেক তার বাড়ি থেকে একটি দেশি তৈরি এলজি শাটারগান ও ৪ রাউন্ড গুলি উদ্ধার করে পুলিশ। ওই বছরের ১৬ ডিসেম্বর পুলিশ কোটচাঁদপুর থানার পুলিশ তদন্ত শেষে চার্জশীট দাখিল করে। সেই মামলার দীর্ঘ শুনানির পর মঙ্গলবার দুপুরে আদালতের বিচারক মো. নাজিমুদ্দৌলা অস্ত্র আইনের দুটি ধারায় ১০ বছর ও ৭ বছরের সশ্রম কারাদন্ডে দন্ডিত করে রায় দেন।

একই সময় উদ্ধারকৃত অস্ত্র ও ৪ রাউন্ড গুলির কার্তুজ রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করেন।

স্কুলে কম্পিউটার ল্যাব নেই তবুও টাকার বিনিময়ে ল্যাব সহকারী নিয়োগ

বিদ্যালয়ে নেই কম্পিউটার ল্যাব, প্রর্যাপ্ত কমপিউটার। তবুও টাকার বিনিময়ে কমপিউটার ল্যাব সহকারী নিয়োগ দিলেন ওই বিদ্যালয়ে প্রধান শিক্ষক ও সভাপতি।

ঘটনাটি ঝিনাইদহ সদর উপজেলার কালিচরণপুর ইউনিয়নের বালিয়াডাঙ্গা গ্রামের মোসলেম উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে। ল্যাব সহকারী নিয়োগের পর এলাকায় এ নিয়ে তোলপাড় সৃষ্টি হয়েছে।

জানা যায়, জনবল কাঠামো নীতিমালা অনুযায়ী যে সকল প্রতিষ্ঠানে সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু আছে সেই সকল প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব সহকারী নিয়োগ দিতে পারবে। কিন্তু মোসলেম উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ে সরকারি কোন ল্যাব না থাকা স্বত্ত্বেও কে এম রুবেল নামের একজনকে ল্যাব সহকারী হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিবর্দি বিশ্বাস ও সভাপতি এনামুল কবির বিপ্লব বিপুল পরিমান টাকার বিনিময়ে গত বছরের ৯ মার্চ রুবেল নামের ওই সহকারীকে নিয়োগ দিয়েছে। রুবেল গত বছরের ১২ মার্চ সরকারি বেতনভাতা সুবিধাদীর সাথে যুক্ত হয়েছেন।

এ ঘটনায় জেলা প্রশাসকসহ বিভিন্ন দপ্তরে কালিচরণপুর ইউনিয়নের মহিষাডাঙ্গা গ্রামের হারুন-অর-রশিদ নামের এক ব্যক্তি অভিযোগ দায়ের করেছেন। তিনি এই নিয়োগের ব্যাপারে সুষ্ঠু তদন্ত করে ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন।

নিয়োগের ব্যাপারে প্রধান শিক্ষক আলিবর্দি বিশ্বাস বলেন, শেখ রাসেল ল্যাবের বিপরীতে ল্যাব এসিসট্যান্ট নিয়োগ দেয়ার নিয়ম আছে। কিন্তু শেখ রাসেল ল্যাব না থাকায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মাধ্যমে তাকে নিয়োগ দেয়া হয়েছে।

এ ব্যাপারে জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মুহাম্মদ আব্দুল মালেক বলেন, নিয়োগের ব্যাপারে একটা লিখিত অভিযোগ পেয়েছি। ওই

বিদ্যালয়ে ল্যাব আছে কি না আমার জানা নেই। যেহেতু অভিযোগ এসেছে। সে অনুযায়ী তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহ জেলা কারাগারে দন্ডপ্রাপ্ত কয়েদির মৃত্যু

ঝিনাইদহ জেলা কারাগারে নারী ও শিশু নির্যাতন দমন মামলায় দন্ডপ্রাপ্ত মিলন লস্কর (৩০) নামে এক কয়েদির মৃত্যু হয়েছে।

আজ সোমবার (২৬ ফেব্রুয়ারি) সকালে হৃদরোগে আক্রান্ত হয়ে তার মৃত্যু হয়। সে ঝিনাইদহ পৌর এলাকার পরবহাটি গ্রামের আতিয়ার লস্করের ছেলে ।

খবরটি নিশ্চিত করেছেন জেলা কারাগারের জেলার মহিউদ্দিন হায়দার। তিনি জানান কারাগারেরর চিত্রা ৩ নং ওয়ার্ডের কয়েদি ছিলেন মিলন। ফজরের নামাজ আদায় শেষে সকাল ৬ টা ৪০ মিনিটের সময় হঠাৎ অসুস্থ্য হয়ে পড়ে সে। দ্রুত তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে নেওয়া হলে কর্তৃব্যরত চিকিৎসক তার মৃত ঘোষনা করেন। হৃদরোগে আক্রান্ত হয়ে তার মৃত্যু হয়েছে বলে প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে তবে ময়না তদন্তের রির্পোর্টে সঠিক তথ্য জানা যাবে।

তিনি আরও জানান নারী ও শিশু নির্যাতন দমন আইনে গত ২ জানুয়ারি মিলনকে ১৪ বছরের কারাদন্ড প্রদান করেন আদালত। সেই থেকে কারাগারের চিত্রা ৩ নং ওয়ার্ডে রাখা হয়েছিল তাকে। হাসপাতালে ময়না তদন্ত শেষে মরদেহটি পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে সেমিনারের সমাপনি ও সনদপত্র বিতরণ

‘স্বাস্থ্য আপনার মূল্যবান সম্পাদ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে সমাপ্ত হলো ২ দিন ব্যাপী কারাতে সেমিনার।

গতকাল শুক্রবার সকাল থেকে শুরু হওয়া এই সেমিনার শনিবার বিকালে সমাপ্ত হয়েছে। ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে সোতোকান কারাতে দো’র আয়োজনে এ সেমিনার ও প্রশিক্ষন অনুষ্ঠিত হয়।

সমাপনি দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, বিশেষ অতিথি হিসেবে মোঃ নিয়ামুল করিম টিপু, সাংবাদিক শাহানুর আলমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন এবং পৌর মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজলের পক্ষে উপস্থিত ছিলেন ইউনুচ আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী আলী আহম্মেদ লিকু।

আয়োজকরা জানান, ২ দিন ব্যাপী এই প্রশিক্ষণে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অর্ধশত শিক্ষার্থীকে আত্মরক্ষার নানা কৌশল শেখান। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আনসারের কারাতে কোচ সিহান কিতামুরা তেতসুরো, জাতীয় কারাতে প্রশিক্ষক জসিম উদ্দিন, প্রশিক্ষক মোঃ মতিউর রহমান, অনুষ্ঠান পরিচালনায় ছিলেন বিপ্লব।

এ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের আত্মরক্ষার পাশাপাশি আত্মনির্ভরশীল হয়ে উঠবে বলে অভিভাবকরা বিশ্বাস করেন। প্রশিক্ষণ শেষে ৩০জন প্রশিক্ষনার্থীর হাতে সনদপত্র ও সফলতার জন্য পুরষ্কার তুলে দেওয়া হয়।

ঝিনাইদহের বরুণ হত্যা মামলার পলাতক আসামীকে গ্রেফতার

ঝিনাইদহের চাঞ্চল্যকর বরুণ হত্যা মামলার পলাতক প্রধান আসামীকে গ্রেফতার করেছে র্যাব-৬।

গতকাল শুক্রবার (২৩ ফেব্রুয়ারি) র্যাব-৬, ঝিনাইদহ একটি আভিযানিক দল গোপন তথ্যের মাধ্যমে জানতে পারে যে, বরুণ হত্যা মামলার পলাতক আসামী- মোঃ রাশেদুল ইসলাম ওরফে রাশেদ ঝিনাইদহ জেলার সদর
থানাধীন হামদহ পুলিশ লাইন সংলগ্ন এলাকায় অবস্থান করছে। প্রাপ্ত সংবাদের ভিত্তিতে র্যব-৬ এর আভিযানিক দল ঝিনাইদহ জেলার সদর থানাধীন হামদহ পুলিশ লাইন সংলগ্ন এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে উক্ত হত্যা মামলার প্রধান পলাতক আসামী- মোঃ রাশেদুল ইসলাম রাশেদ (৪৭) কে গ্রেপ্তার করে।

গ্রেপ্তারকৃত আসামী প্রাথমিক জিজ্ঞাসাবাদে উক্ত হত্যাকান্ডের সাথে সম্পৃক্ততার কথা স্বীকার করে।

উল্লেখ যে, গত ৯ জানুয়ারী সন্ধ্যায় বরুণ ঘোষকে বাড়ির কাছের দোকান থেকে ডেকে নিয়ে শহরের ঘোষপাড়া ব্রিজ মোড় এলাকার ৫/৭ জন দুর্বৃত্ত তাকে মানুষের সামনে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর আহত করে ফেলে রেখে যায়। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। নিহত বরুনের ভাই অরুণ কুমার ঘোষ জানান, দীর্ঘদিন বরুন ঘোষ আওয়ামী লীগের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন। এ বিষয়ে ভিকটিম এর স্ত্রী বাদী হয়ে একই দিন ৯ জনের নাম উল্লেখ করে ও অজ্ঞাত নামা আরও নয়/দশ জনকে আসামি করে ঝিনাইদহ সদর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

ঘটনার বিষয়ে র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি চৌকস আভিযানিক দল ছায়া তদন্ত শুরু করে এবং উক্ত হত্যা মামলার প্রধান আসামীকে গ্রেপ্তারে র্যাবের গোয়েন্দা তৎপরতা অব্যাহত রাখে। সেই ধারাবাহিকায় গ্রেপ্তার করতে সক্ষম হয়। গ্রেপ্তারকৃত আসামিকে ঝিনাইদহ সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে এসএসসি‘৯৪ ব্যাচের মাতৃভাষা দিবস পালন ও নতুন কমিটি গঠন

ঝিনাইদহে এসএসসি‘৯৪ বন্ধু ব্যাচের উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন ও নতুন আহবায়ক কমিটি গঠন করা হয়েছে।শনিবার দুপুরে বন্ধু এসএসসি’৯৪ ব্যাচের কার্যালয়ে এই আলোচনা সভা এবং আহবায়ক কমটি গঠন করা হয়।

আলোচনা সভায় বক্তব্য রাখেন সাজ্জাদুর রহমান খাঁন, সাইফুর রহমান শিপলু, হাবিবুর রহমান, কাজী মোহাম্মদ আলী পিকু,আসাদ মুস্তাফিজ পিটুসহ অন্যান্যরা। আলোচনা শেষে একটি আহবায়ক কমিটি গঠন করা হয়। আহবায়ক কমিটির আহবায়ক নির্বাচিত হন- সাজ্জাদুর রহমান খাঁন,.যুগ্ম-আহ্বায়ক ১. সাইফুর রহমান শিপলু, যুগ্ম- আহ্বায়ক ২. হাবিবুর রহমান শিনু এবং সদস্য সচিব হিসেবে নির্বাচিত হন আসাদ মুস্তাফিজ পিটু।

এছাড়া অন্যান্য সদস্যদের মধ্য থেকে ৫জন নির্বাহী সদস্য এবং বাকীরা সবাই সদস্য হিসেবে রয়েছেন। নতুন আহবায়ক আশাবাদ ব্যক্ত করেন আগামী ৩ মাসের মধ্যে পূনাঙ্গ কমিটি গঠন করা হবে এবং অতিতের ন্যায় সকল সদস্য বন্ধুদের সাথে নিয়ে এলাকার আর্থসামাজিক কর্মকান্ড পরিচালনা করা হবে।

ঝিনাইদহে কোটি টাকার লোকসানে

দুই সমিতির জেলেরা

হাইকোর্টের নির্দেশে নবগঙ্গা নদীর বাঁধ অপসারণ করছে প্রশাসন। কিন্তু নিরিহ ইজারাদারদের কি হবে সে কথা ভাবেনী নদী কর্তৃপক্ষ। আর তাইতো কয়েক কোটি টাকার ক্ষয়ক্ষতির সম্মুখীন হয়ে পথে বসতে যাচ্ছে জেলেরা।

চাঁদপুর বাওড়, পৌলানপুর রুপদহ শাপলা সমিতির সভাপতি আব্দুল আলিম বলেন, আমরা সরকারের সকল প্রকার নিয়ম নীতি মেনে ১৬-০২-২০২২ ইং তারিখে (৩ ফালগুন, ১৪২৮ বাংলা) ঝিনাইদহ জলমহলটির ইজারা চুক্তি সম্পাদন করেন, ১৪২৮-১৪৩০ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে বার্ষিক ৬,৬০,০০০(ছয় লক্ষ ষাট হাজার) টাকা ইজারা মূল্যে দিয়ে বাড়ও ইজারা নিয়ে কোটি কোটি ব্যয় করে মাছ দিয়েছি আর কিছুদিন পরই মাছ ধরা হবে।

কিন্তু আমাদের কোন প্রকার নোটিশ অথবা না জানিয়ে রাতের আধারে বাঁওড়ের বাঁধ কেটে দিয়েছে জেলা প্রশাসন। হরিণাকুন্ডু সহকারী ভূমি কর্মকর্তা সরেজমিনে থেকে বাঁধ অপসারণ করেছেনে। এসময় আমরা জানতে চাইলে তিনি বলেন, হাইকোর্টের নির্দেশেই বাঁধ অপসারণ করা হচ্ছে। আমরা হাইকোর্টের নির্দেশানা দেখতে চাইলে তিনি কোন কাগজ পত্র দেখাতে পারেননি।

এছাড়াও স্থানীয়দের নিকটও চড়াদরে মাটি বিক্রিয় করেছেন তিনি। এব্যাপারে স্থানীয়দের নিকট জানতে চাইলে তাঁরা বলেন, আমরা এমনি এমনি মাটি নেয়নি ৯’শত থেকে ১ হাজার ১২ শত টাকা দিয়ে মাটি ক্রয় করেছি।

সমিতির সভাপতি আরো বলেন, সরকারের বেঁধে দেওয়া সময় অনুয়ায়ী আমাদের হাতে আরো ২ মাস সময় রয়েছে। কিন্তু সময়ের আগে কোন কিছু না জানিয়ে বাঁধ অপসারণ করে আমাদের পথে বসিয়েছেন প্রশাসন। হঠাৎ বাঁধ কেটে দেওয়ায় এক দিকে যেমন কোটি কোটি টাকার মাছ উন্মুক্ত হয়েছে। অন্যদিকে এলাকার শতশত মানুষ মাছ ধরে নিয়েছেন।

অন্যদিকে হিজলি কাপাশহাটিয়া ঘোরদহ মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড এর সভাপতি ইন্দ্রজিত হালদার এলাকার দূস্থ জেলেদের নিয়ে সরকারের সকল প্রকারের নিয়ম নীতি মেনে ১৪,১৫,০০০ চৌদ্দ লক্ষ পনের হাজার টাকা ব্যাংক চালান ফরম টি,আর ফরম নং (এস,আর,৩৭ দ্রষ্টব্য) টাকা দিয়ে বাওড় ইজারা নিয়েছেন। যা বুঝে পাওয়ার আগেই হঠাৎ করেই

বাওড়ের বাঁধ কেটে দেওয়ায় সমিতির সদস্যদের মধ্যে হতাশা তৈরি হয়েছে।

চলতি সমিতির মেয়াদ শেষ হতে ২ মাস বাকি নতুন সমিতি বুঝে পাওয়া আগে বাঁধ অপসারণে ক্ষতির সম্মুখিন হচ্ছে জেলেরা আর তাইতো জেলেদের কথা ভেবে নিশ্চয়ই সুবিচার করবেন প্রশাসন এমনটাই দাবি ক্ষতিগ্রস্থ দুই সমিতির জেলেদের।

এ ব্যাপারে হরিণাকুন্ডু উপজেলা সহকারী কমিশন (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিরুপমা রায় বলেন, আমি কিছুই বলতে পারবো না, আপনি ডিসি স্যারের সাথে কথা বলেন।